# বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ

১৪১-১৪৩, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

তারিখঃ /০১/২০২৬খ্রিঃ

দপ্তর আদেশ নং-২৮৪ /২০২৬

জনাব মোঃ রেজাউল করিম, ২য় শ্রেণীর মাষ্টার, কোড নং র-৫৮২, পশুর ড্রেজার, ড্রেজার বেইজ, ড্রেজিং বিভাগ, বিআইডব্লিউটিএ, খুলনা এর বিরুদ্ধে জনাব মোঃ সাখাওয়াত হোসেন ভূঁঞা, ভারপ্রাপ্ত প্রধান পাইলট, ধলেশ্বরী বিট, সদরঘাট শাখা, নৌ-সংরক্ষণ ও পরিচালন বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা (মোবাইল নং-০১৬২৭-৮৫৫৩৫৪) কর্তৃক গত ২৮/১২/২০২৫খ্রিঃ তারিখ চেয়ারম্যান মহোদয় বরাবর একটি অভিযোগ দাখিল করা হয় (কপি সংযুক্ত)। উক্ত অভিযোগপত্রে উল্লেখ করা হয় যে, পারিবারিক সমস্যার কথা বলে জনাব মোঃ রেজাউল করিম ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা ধার নেন। কিন্তু দীর্ঘ সময় অতিবাহিত হওয়ার পরও উক্ত টাকা ফেরৎ প্রদান করেনি এবং টাকা ফেরৎ চাইলে বিভিন্ন অজুহাত দেখিয়ে কালক্ষেপন করেন। তবে তিনি ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার একটি চেক প্রদান করেন (চেক নং-এসবিএ-২৫০৬৪৫১, তারিখঃ ২০/১১/২০২৫, রুপালী ব্যাংক লিমিটেড, এস কে রোড, নারায়নগঞ্জ)। চেকটি ব্যাংকে জমা দিলে Insufficient Fund মর্মে ফেরত আসে। উক্ত অভিযোগের বিষয়ে সত্যতা নিরুপণের জন্য যাচাই-বাছাই পূর্বক প্রতিবেদন দাখিলের নিমিত্ত জনাব মোঃ কামরুল ইসলাম, সহকারী পরিচালক, নৌ-সংরক্ষণ ও পরিচালন বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হলো।

২। তদন্ত কর্মকর্তার কার্যপরিধি (TOR) নিম্নরূপঃ

ক) অভিযোগের বিষয়ে সরেজমিনে যাচাই-বাছাই করতঃ সত্যতা নিরুপণ এবং প্রকৃত তথ্য উদঘাটনসহ পরবর্তী করণীয় নির্ধারণ করবেন;

খ) ১০(দশ) কর্মদিবসের মধ্যে সুনির্দিষ্ট সুপারিশ সহ তদন্ত প্রতিবেদন কর্তৃপক্ষের চেয়ারম্যান মহোদয়ের নিকট পেশ করবেন।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

স্বাক্ষরিত
(নাহিদা বিনতে সাঈদ)
উপ-পরিচালক (মানব সম্পদ)
তারিখঃ ২৭ /০১/২০২৬খ্রিঃ

নথি নং-১৮.৭০৭.০২৭.০০.০০.০২৬.২০১১/৩৭৭

বিতরণঃ

জনাব মোঃ কামরুল ইসলাম, সহকারী পরিচালক, নৌ-সংরক্ষণ ও পরিচালন বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা।

অনুলিপিঃ

০১। প্রধান প্রকৌশলী, ড্রেজিং বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা।
০২। পরিচালক, নৌ-সংরক্ষণ ও পরিচালন বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা।
০৩। পরিচালক, আইসিটি বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
০৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (যান্ত্রিক), ড্রেজার বেইজ, ড্রেজিং বিভাগ, বিআইডব্লিউটিএ, খুলনা।

E/বিঃমাঃপ্রাঃতঃকঃ

০৫। উপ-পরিচালক, হিসাব বিভাগ, বিআইডব্লিউটিএ, খুলনা।
০৬। সমন্বয় কর্মকর্তা, চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, বিআইডব্লিউটিএ, ঢাকা।
০৭। ব্যক্তিগত সহকারী, সদস্য(পরিকল্পনা ও পরিচালন) মহোদয়ের দপ্তর, বিআইডব্লিউটিএ, ঢাকা।
০৮। ব্যক্তিগত সহকারী, সদস্য(প্রকৌশল) মহোদয়ের দপ্তর, বিআইডব্লিউটিএ, ঢাকা।
০৯। নথি।

উপ-পরিচালক (মানব সম্পদ)